

প্রচ্ছদ

রাজ্যের খবর

জাতীয়

আন্তর্জাতিক

খেলাধুলা

স্বাস্থ্য ও সচেতনতা

আরো

ফটো গ্যালারি

ভিডিও

ডঃ অরিজিৎ দাস সম্পাদিত রসায়ন পুস্তক প্রকাশ – উচ্চ শিক্ষামন্ত্রীর হাত ধরে

Posted on **December 16, 2015** by **santanu99** —

দেবজিৎ চক্রবর্তী, আগরতলা, ১৬ ডিসেম্বর ॥ শিক্ষার জগতের সঙ্গে সম্পর্কিত শিক্ষকরাই স্বতন্ত্র প্রনোদিত হয়ে লব্ধ জ্ঞানকে শিক্ষার স্বার্থে উৎসর্গ করে ভবিষ্যতের জন্য আলোর পথ দেখিয়েছেন কিংবা দেখাচ্ছেন প্রায়শই। সেই ধারাবাহিকতায় রাজ্যের শিক্ষাঙ্গনে যুক্ত হয়েছে আরো এক নতুন অধ্যায়। রাজ্যের কৃতি সন্তান তথা বর্তমানে পশ্চিম ত্রিপুরার রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাসের সুদীর্ঘ গবেষণার ফসল ‘Press Review (2012-2015) (Time Economic Informatics Database in Chemical Education)’ পুস্তক প্রকাশ হয়েছে। বুধবার, এক অনারস্বর অনুষ্ঠানে মহাকরণের প্রেস কর্নারে ডঃ অরিজিৎ দাসের সম্পাদিত ‘Press Review (2012-2015) (Time Economic



Informatics Database in Chemical Education)’ পুস্তকের আবরণ উন্মোচন করেন রাজ্যের উচ্চ শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী। পুস্তক প্রকাশের অনুষ্ঠানে উচ্চ শিক্ষামন্ত্রী তার সংক্ষিপ্ত ভাষনে আশা প্রকাশ করে বলেন, পুস্তকটি ছাত্রছাত্রী ও গবেষকদের খুব কাজে লাগবে। ডঃ দাস আশা ব্যক্ত করে বলেন দুর্বোধ্য রসায়নের ভীতি দূর করে শিক্ষার্থী সমাজের কাছে প্রকাশিত পুস্তক শুধু পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ক্ষেত্রেই নয় ভবিষ্যতের জন্য গবেষণাধর্মী কাজে সহায়ক ভূমিকা পালন করবে।

[f](#) [t](#) [g+](#) [+](#) Share / Save [f](#) [t](#) [+](#)

This entry was posted in [ত্রিপুরা](#) by **santanu99**. Bookmark the [permalink](#) [\[http://newsupdateoftripura.com/archives/9182\]](http://newsupdateoftripura.com/archives/9182) .